(Bengali)

কে স্বাস্থ্য ও সমাজ সেবা পেশাজীবিদেরকে নিয়ন্ত্রন করে ?

একজন স্বাস্থ্য ও সমাজসেবা পেশাজীবির নিকট আপনি কি কামনা করতে পারেন ?

আপনি আপনার ডাক্তার, নার্স, ডেন্টিষ্ট, সোশ্যাল ওয়ার্কার এবং অন্যান্য স্বাস্থ্য বা সমাজ সেবা পেশাজীবির নিকট কামনা করেন :

- তারা যাতে আপনাকে যাতে শ্রদ্ধা ও সম্মানের সাথে দেখেন ;
- তাদের যাতে আপনাকে সেবা করার মত দক্ষতা ও জ্ঞান থাকে ; এবং
- তারা যাতে আপনার সাথে উচ্চ মানের আচরণ করেন।

যদি প্রাপ্ত চিকিৎসা বা সেবার মান নিয়ে আপনার কখনও দু:শ্চিন্তা থাকে, তাহলেও আপনি কামনা করতে পারেন এমন কেউ যাতে থাকে যিনি এর সমাধান করার ব্যবস্থা করতে পারেন।

এই মান পালন করা হচ্ছে কি না তা কে নিশ্চিত করবে ?

আমরা 13টি প্রতিষ্ঠান, যাদেরকে স্বাস্থ্য ও সমাজ সেবা নিয়ন্ত্রক বলা হয়। যুক্তরাজ্য ব্যাপি পৃথক পৃথক পেশাজীবিদের নিয়ন্ত্রনের মাধ্যমে, আমরা প্রত্যেকে এক বা অধিক স্বাস্থ্য ও সমাজ সেবা পেশা পর্যবেক্ষন করে থাকি এবং নিশ্চিত করি তারা যেন এই মান মেনে চলেন।

আমরা প্রতিষ্ঠিত হয়েছি জনগনকে রক্ষা করার জন্য এবং যাতে নিশ্চিত হওয়া যায় যে, যখনই আপনি স্বাস্থ্য ও সমাজ সেবা প্রদান করেন এমন কাউকে (প্রাইভেট বা এন.এইচ.এস) দেখান, তারা যাতে আমাদের মান অনুযায়ী সেবা প্রদান করেন এই ব্যপারে নিশ্চিত হতে পারেন। আমরা কি কাজ করি এবং আমাদের সাথে কি করে যোগাযোগ করবেন,এই লিফলেটটি সে সম্পর্কে আপনাকে বলবে ।

উচ্চমানের চিকিৎসা বা সেবা করার দক্ষতা ও জ্ঞান আছে এমন কেউ আপনাকে তা প্রদান করুক তা আপনি কামনা করেন।

আমাদের দায়ীত্বের একটি গুরুত্বপূর্ণ অংশ হলো, নিশ্চিত হওয়া যে স্বাস্থ্য ও সমাজ সেবা পেশাজীবি যারা যুক্তরাজ্যে কাজ করছেন তাদের যেন কাজ করার জন্য প্রয়োজনীয় দক্ষতা ও জ্ঞান থাকে। আমরা তাদের কোর্স ও প্রশিক্ষনের মান নির্ধারন করে থাকি।

আমাদের মান মেনে চলেন শুধুমাত্র এমন কারো নিকট থেকে আপনি চিকিৎসা ও সেবা গ্রহন করছেন এই ব্যাপারে নিশ্চিত হওয়ার জন্য, আমরা প্রত্যেকে একটি রেজিষ্টার রাখি। আইনত: এই রেজিষ্টারে এমন লোকজনের নাম আছে যারা আমাদের মান মেনে চলেন।

আপনার পেশাজীবি যাতে আপনার প্রতি উঁচু মাপের আচরণ করেন তা আপনি কামনা করেন।

সকল পেশার সদস্যরা যাতে আচরণের মান রক্ষা করে চলেন সে ব্যপারে নিয়ন্ত্রকদের নির্ধারিত মানও আছে। কি ধরনের আচরণকে গ্রহনযোগ্য বলে বিবেচনা করা হয় সে ব্যপারে আমরা নির্দেশিকা প্রদান করে থাকি। এই মান পালনে ব্যর্থতাকে আমরা মারাত্মকভাবে নেই।

যদি প্রাপ্ত চিকিৎসা বা সেবার মান নিয়ে আপনার কখনও দু:শ্চিন্তা থাকে, তাহলে আপনি কামনা করতে পারেন এমন কেউ যাতে থাকে যিনি এর সমাধান করার ব্যবস্থা করতে পারেন।

আপনাকে সেবা প্রদান করছেন এমন কারো সামর্থ্য ও আচরণ সম্পর্কে যদি আপনার দু:শ্চিন্তা থেকে থাকে, তাহলে আপনি সরাসরি তাকে অথবা তাদের চাকুরীদাতাকে বলতে পারেন । আপনি কোন প্রতিষ্ঠান বা সার্ভিস থেকেও পরামর্শ নিতে পারেন, যেমন সিটিজেন এডভাইস ব্যুরো, 'ইনডিপেনডেন্ট কমপ্লেইন্টস এডভোকেসী সার্ভিসেস', 'কমিউনিটি হেল্থ কাউন্সিল' বা কোন স্থানীয় 'প্যাশেন্ট এডভাইস ও লিঁয়াজো সার্ভিস'।

আমরাও জনগনকে রক্ষা করার জন্য ব্যবস্থা গ্রহন করতে পারি। আমরা রেজিষ্টার্ড কর্মচারীদের ব্যপারে অভিযোগ তদন্ত করতে পারি। যদি পরিস্থিতি যথেষ্ট মারাত্মক হয় তাহলে আমরা যুক্তরাজ্যের সংশ্লিষ্ট কাউন্টি বা কাউন্টিগুলোতে তাদের কাজ করার অধিকার প্রত্যাহার করে নিতে পারি।

কে রেজিষ্টার্ড ?

নীচের তালিকায় দেয়া কোন পেশায় কাজ করতে হলে কোন ব্যক্তিকে অবশ্যই সংশ্লিষ্ট নিয়ন্ত্রকের নিকট তালিকাভুক্ত বা রেজিষ্টার্ড হতে হবে। যদি তারা রেজিষ্টার্ড না হয়ে থাকেন এবং কাজ করতে থাকেন, তাহলে তারা আইন ভঙ্গ করছেন এবং তাদেরকে অবশ্যই বিচারের সম্মুখিন হতে হবে।

আমাদের রেজিষ্টার বা তালিকার বই জনগনের জন্য উন্মুক্ত। সুতরাং কোন ব্যক্তি রেজিষ্টার্ড আছে কিনা তা যদি আপনি পরীক্ষা করতে চান তাহলে আপনি তা আমাদেরকে ফোন করে বা ওয়েব সাইটের মাধ্যমে করতে পারবেন।

যদি আপনি এই লিফলেটের আরও কপি পেতে চান, তাহলে দয়া করে আমাদেরকে regulators@hpc-uk.org ঠিকানায় ই-মেইল করুন। যদি আপনি অন্য কোন ভাষায় বা বড় প্রিন্টে কপি পেতে চান, তাহলে দয়া করে আমাদের যে কোন ওয়েব সাইট দেখুন।

আমাদের সাথে যোগাযোগ :

স্বাস্থ্য সেবা

General Chiropractic Council (GCC)
কিরোপ্র্যাকট্রস
ফোন : 020 7713 5155 or www.gcc-uk.org

General Dental Council (GDC)
ডেন্টিষ্ট, ডেন্টাল থেরাপিস্ট, ডেন্টাল হাইজিনিষ্ট
31 জুলাই 2006 থেকে - ডেন্টাল নার্স, ডেন্টাল টেকনিশিয়ান, ক্লিনিক্যাল ডেন্টাল টেকনিশিয়ান এবং অর্থোডনটিক থেরাপিস্ট।
ফোন: 020 7887 3800 or www.gdc-uk.org

General Medical Council (GMC)
ডাক্তার
ফোন : 0845 357 8001 or www.gmc-uk.org

General Optical Council (GOC)
অপটিসিয়ান
ফোন : 020 7580 3898 or www.optical.org

General Osteopathic Council (GosC)
অসটিওপ্যাথ
ফোন : 020 7357 6655 or www.osteopathy.org.uk

Health Professions Council (HPC)
আর্টস্ থেরাপিষ্ট, বায়োমেডিক্যাল বিজ্ঞানী, কিরোপডিষ্ট, পডিয়াট্রিষ্ট, ক্লিনিক্যাল বিজ্ঞানী, ডায়েটিশিয়ান, অকুপেশনাল থেরাপিষ্ট, অপারেটিং ডিপার্টমেন্ট প্র্যাটিশনার্স, অর্থোপটিষ্ট, প্যারামেডিক্স, সাইকোথেরাপিষ্ট, প্রসথেটিষ্ট এবং অর্থোটিষ্ট, রেডিওগ্রাফার্স, স্পিচ ও ল্যাঙ্গুয়েজ থেরাপিষ্ট।
ফোন : 020 7582 0866 or www.hpc-uk.org

Nursing and Midwifery Council (NMC)
নার্স, মিডওয়াইফ ও বিশেষজ্ঞ কমিউনিটি জন স্বাস্থ্য নার্স।
ফোন: 020 7333 6622 or www.nmc-uk.org

Royal Pharmaceutical Society of Great Britain (RPSGB)
ফার্মাসিষ্ট, ফার্মেসী টেক্‌নিশিয়ান (ভলান্টারী রেজিষ্টার এর) এবং ফার্মেসীর স্থান।
ফোন: 020 7735 9141 or www.rpsgb.org

Pharmaceutical Society of Northern Ireland (PSNI)
ফার্মাসিষ্ট, এবং নর্দার্ন আয়ারল্যান্ড এ ফার্মেসীর স্থান।
ফোন: 02890 32 6927 or www.psni.org.uk

Council for Healthcare Regulatory Excellence (CHRE)' এর লক্ষ্য হলো জনগনকে রক্ষা করা, উপরে উল্লেখিত নয়টি নিয়ন্ত্রক এর মধ্যে সুদক্ষতাকে উৎসাহিত করা ও উঁচু মানের চর্চাকে বিকশিত করা www.chre.org.uk

সমাজ সেবা

কাউন্সিল সময় সময় অতিরিক্ত কর্মচারীবৃন্দ রেজিস্টার করবে। আপনি প্রত্যেক কাউন্সিল থেকে বিস্তারিত তথ্য পেতে পারেন।

Care Council for Wales
সমাজ সেবা বা সোশ্যাল কেয়ার কর্মী, কোয়ালিফায়েড সোশ্যাল ওয়ার্কার, এবং সোশ্যাল ওয়ার্ক এর ছাত্রদের জন্য ওয়েল্‌স এ অনুমোদিত ডিগ্রি কোর্স।
ফোন: 0845 0700 399 or www.ccwales.org.uk

General Social Care Council (GSCC)
সমাজ সেবা বা সোশ্যাল কেয়ার কর্মী, কোয়ালিফায়েড সোশ্যাল ওয়ার্কার এবং সোশ্যাল ওয়ার্ক এর ছাত্রদের জন্য ইংল্যান্ড এ অনুমোদিত ডিগ্রি কোর্স।
ফোন: 020 7397 5100 or www.gscc.org.uk
মিনিকম: 020 7397 5103

Northern Ireland Social Care Council (NISCC)
সমাজ সেবা বা সোশ্যাল কেয়ার কর্মী, কোয়ালিফায়েড সোশ্যাল ওয়ার্কার, এবং সোশ্যাল ওয়ার্ক এর ছাত্রদের জন্য নর্দার্ন আয়ারল্যান্ড এ অনুমোদিত ডিগ্রি কোর্স।
ফোন: 02890 417600 or www.niscc.info
টেক্সট ফোন: 02890 239340

Scottish Social Services Council (SSSC)
সমাজ সেবা বা সোশ্যাল কেয়ার কর্মী, কোয়ালিফায়েড সোশ্যাল ওয়ার্কার, এবং সোশ্যাল ওয়ার্ক এর ছাত্রদের জন্য স্কটল্যান্ড এ অনুমোদিত ডিগ্রি কোর্স।
ফোন: 0845 6030 891 or www.sssc.uk.com

জুলাই 2006